Government of the People's Republic of Bangladesh
Ministry of Shipping


**Marine Academy, Bangladesh**
www.macademy.gov.bd

# Visual Development of the Academy


# 2009 – 2013

August 2013


# Development works in Marine Academy (2009 – 2013)




NEW 2x125 kVA Training Electric Generator **(2010)**




NEW Training Boiler **(2011)**



NEW Computer Lab – 50 computers **(2011)**




NEW Language Lab – 50 workstations **(2011)**



NEW Control Engineering Lab Equipment **(2011)**



Dining Hall with NEW look (2010)




Renamed after *only* Mariner Martyr of Liberation War **(2010)**




Named after the 1st Bengalee Chief Education Officer (affter liberation) **[2010]**

# Development works in Marine Academy (2009 – 2013)




NEW Seafarers' Memorial **(2011)**



NEW Flag Post (flags of Int'l Institutions with whom Academy is linked) **[2010]**




Inauguration Plaque **(2011)**



NEW path-way to Parade Ground **(2011)**




Hon'ble Prime Minister Sheikh Hasina unveiled the Inauguration Plaque of Sheikh Mujib Maritime Uni **(2011)**



NEW road to VIP House **(2011)**



NEW Gallery at Parade Ground **(2011)**




NEW Stairway to Parade Ground **(2011)**

## Development works in Marine Academy (2009 – 2013)



NEW stairway to Officers' Club **(2010)**



NEW Stairway to Parade Ground Quarter Deck **(2011)**



NEW stairway to VIP House **(2010)**



Officers' Club with NEW look **(2010)**



Newly decorated/renovated VIP House **(2010)**



Newly decorated/renovated VIP House **(2010)**



NEW Road towards Lake **(2012)**



Newly decorated/renovated VVIP Room at Officers' Club **(2010)**

## Development works in Marine Academy (2009 – 2013)



NEW Buses (2 nos.) **[2011]**




NEW Microbus **(2011)**



NEW 2nd Floor of High School **(2011)**



NEW Laundry House **(2010)**



Renovated Waiting Room at Patenga Jetty **(2010)**



e-Class Room **(2012)**
(NEW furnitures, projector, sound, tiles, paint, Al-doors)



NEW Stairway to Cadet Block **(2012)**




NEW AMBULANCE for the Cadets **(2013)**

## Development works in Marine Academy (2009 – 2013)




Renovated IMO Room **(2012)**



Renovated IMO Room **(2012)**



NEW Tiled Corridores in Admin Block **(2012)**




Mural at entrance of Admin Block **(2011)**



Renovated Female Cadet Block **(2012)**



17 Female Cadets (Pioneer Batch) **[2012]**



New Shaheed Minar **(2013)**



NEW gate **(2010)**



NEW Admin Block (under-construction)
*To be completed by Dec **2013***




NEW Cadet Block (under-construction)
*To be completed by Dec **2013***






Golden Jubilee Plaque (1962 – 2013) being inaugurated by H E Koji Sekimizu, Secretary General, IMO



Campus: Panoramic View *(Bay of Bengal & Karnafuly river at horizon)*



Admin Block, Academic Block & *Shaheed Liakuat Ali* Cadet Block

২৫ আগস্ট ২০১৩

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ-পরিবহণ মন্ত্রণালয়

## বাংলাদেশ মেরিন একাডেমী, চট্টগ্রাম

# বিগত প্রায় পাঁচ বৎসরে (২০০৯ - ২০১৩) একাডেমীর উন্নয়নচিত্র

নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অন্যতম সংস্থা 'বাংলাদেশ মেরিন একাডেমী' বিগত পাঁচ দশক ধরে পেশাগতভাবে দক্ষ, পরিবেশ সচেতন, বুদ্ধিদীপ্ত এবং চৌকস মেরিন ক্যাডেট তৈরি করে আসছে। উচ্চ-মাধ্যমিক সনদপ্রাপ্ত নির্বাচিত প্রার্থীদেরকে জাতিসংঘের অঙ্গসংস্থা ইন্টারন্যাশনাল মেরিটাইম অর্গানাইজেশনের 'আন্তর্জাতিক পেশাগত দক্ষতা-মান' অনুযায়ী প্রশিক্ষণের মাধ্যমে যথাযোগ্য মেরিন ক্যাডেট হিসেবে গড়ে তুলছে।

১৯৬২ সালে প্রতিষ্ঠার পরে ২০১২ সাল পর্যন্ত প্রায় ৩ (তিন) হাজারের বেশি মেরিন ক্যাডেট তৈরি করেছে এই একাডেমী। এছাড়া ১৯৮০ সালের পর থেকে বিভিন্ন পেশাদার প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে আরো প্রায় ৩০,০০০-এর বেশি সংখ্যক মেরিন অফিসার ও মেরিন ইঞ্জিনিয়ারদেরকে উচ্চতর ও সহায়ক প্রশিক্ষণ (প্রিপারেটরী ও অ্যান্সিলারী কোর্স) প্রদান করা হয়েছে।

বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পরে বিগত ৫ (পাঁচ) বৎসরে একাডেমীর উন্নয়ন সংশ্লিষ্ট তথ্যাদি এই প্রতিবেদনে সংযোজিত হল।

| | |
|---|---|
| মাননীয় মন্ত্রী: | জনাব শাজাহান খান এমপি, নৌ-পরিবহণ মন্ত্রণালয় (২০০৯ - ২০১৩ - অদ্যাবধি) |
| প্রাক্তন সচিব: | জনাব মো: আবদুল মান্নান হাওলাদার, নৌ-পরিবহণ মন্ত্রণালয় (২০০৯ - ২০১২) |
| সচিব: | সৈয়দ মন্‌জুরুল ইসলাম, নৌ-পরিবহণ মন্ত্রণালয় (২০১২ - ২০১৩ - অদ্যাবধি) |
| কমান্ড্যান্ট: | ড. সাজিদ হোসেন, মেরিন একাডেমী - বাংলাদেশ (২০০৯ - ২০১৩ - অদ্যাবধি) |

# এক নজরে একাডেমীর অগ্রযাত্রা

| | ১৯৬২ - ১৯৭১ | ১৯৭১ - ২০০৮ | ২০০৯ - ২০১৩ |
|---|---|---|---|
| একাডেমীর উদ্দেশ্য | জাতীয় (পাকিস্তান ন্যাশনাল শিপিং কর্পোরেশন) জাহাজ-বহরের জন্য ক্যাডেট প্রশিক্ষণ দেয়া। (গড়ে ২০টি জাহাজ) | জাতীয় (বাংলাদেশ শিপিং কর্পোরেশন ও বেসরকারি) জাহাজ-বহরের জন্য ক্যাডেট প্রশিক্ষণ দেয়া। (গড়ে ৩০টি জাহাজ) | ১. আন্তর্জাতিক ও জাতীয় (বাংলাদেশ শিপিং কর্পোরেশন ও বেসরকারি) জাহাজ-বহরের জন্য ক্যাডেট প্রশিক্ষণ দেয়া। <br> ২. উচ্চতর মেরিটাইম এডুকেশন প্রদান করা <br> (প্রায় ৭০,০০০ জাহাজ [জাতীয় ৬৯টি সহ]) |
| ক্যাডেট সংখ্যা | গড়ে বার্ষিক ২৫ জন | গড়ে বার্ষিক ৫৫ জন | গড়ে বার্ষিক ২২০ জন (বর্তমানে ৩০০) <br> ২০০৮ - ৭০ জন (সমুদ্রগামী জাহাজে কর্মরত) <br> ২০০৯ - ১৭০ জন (সমুদ্রগামী জাহাজে কর্মরত) <br> ২০১০ - ১৯৬ জন (সমুদ্রগামী জাহাজে কর্মরত) <br> ২০১১ - ২০০ জন (সমুদ্রগামী জাহাজে কর্মরত) <br> ২০১২ - ২০০ জন (সমুদ্রগামী জাহাজে কর্মরত) <br> ২০১৩ - ২৮৯ জন (প্রশিক্ষণরত) + <br> ১৬ জন ফিমেল ক্যাডেট (প্রশিক্ষণরত) |
| ফিমেল ক্যাডেট সংখ্যা | শূন্য | শূন্য | ক. ২০১২ সালে ভর্তি হওয়া ১৬ জন ফিমেল ক্যাডেট ডিসেম্বর ২০১৩ সালে প্রাক-সমুদ্র প্রশিক্ষণ সমাপ্ত করবে। <br> খ. ২০১৩ সালে ভর্তি হওয়া ২০ জন ফিমেল ক্যাডেট ডিসেম্বর ২০১৪ সালে প্রাক-সমুদ্র প্রশিক্ষণ সমাপ্ত করবে। |
| উচ্চতর প্রশিক্ষণ (প্রিপারেটরী/অ্যান্সিলারী কোর্স | শূন্য | গড়ে বার্ষিক ৫০০ জন | গড়ে বার্ষিক ২,০০০ জন |
| বার্ষিক রাজস্ব আয় | প্রায় শূন্য | ১৯৭১-৮৫: বার্ষিক ২ লক্ষ <br> ১৯৮৬-'০৮: বার্ষিক ৫০ লক্ষ | গড়ে বার্ষিক ২.৫ কোটি (বর্তমানে প্রায় ৫.৫ কোটি) |
| বার্ষিক রাজস্ব ব্যয় | তথ্য নেই | ৫০ লক্ষ - ২ কোটি | গড়ে বার্ষিক ৫ কোটি (বর্তমানে প্রায় ৬.৫ কোটি) |
| পেশাদার প্রশিক্ষক (ক্যাপ্টেন ও চিফ ইঞ্জিনিয়ার) | গড়ে ৪ জন | গড়ে ৪ জন | গড়ে ১২ জন (বর্তমানে ২৩ জন) |

# বর্তমানে (২০১২-২০১৩) সালে চলমান গুরুত্বপূর্ণ কার্যক্রমসমূহ

| নং | কার্যক্রম | সংক্ষিপ্ত বিবরণ | অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | **নতুন ব্যাচ ভর্তি (ফিমেল ক্যাডেট-সহ)** | ২০১৪-১৫ শিক্ষাবর্ষের (৫০তম ব্যাচ) ক্যাডেটদের নির্বাচনী কার্যক্রম। | চলমান |
| ২ | **প্রশিক্ষণ আধুনিকায়ন** | IMO STCW Convention 2010-এর চাহিদা অনুযায়ী একাডেমীর সকল প্রশিক্ষণ কোর্সের আধুনিকায়ন করা। | সমাপ্ত |
| ৩ | **মেরিটাইম ইউনিভার্সিটি** | 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি' স্থাপন প্রক্রিয়ায় কারিগরি সহায়তা প্রদান করা। | চলমান |
| ৪ | **প্রকল্প:**<br>**Establishment of 4 New Marine Academies** | প্রকল্প: "Establishment of 4 New Marine Academies": বরিশাল, পাবনা, রংপুর এবং সিলেটে নতুন ৪টি মেরিন একাডেমী নির্মাণ করা হবে। মেরিন একাডেমী, চট্টগ্রাম-এর পক্ষ থেকে এই প্রকল্পে প্রয়োজনীয় কারিগরি সহায়তা/পরামর্শ প্রদান করা হচ্ছে। | চলমান |
| ৫ | **'বরিশাল ও পাবনা মেরিন একাডেমী'র ভিত্তিফলক** | উক্ত প্রকল্পাধীন ৪টি মেরিন একাডেমীর মধ্যে ২১ মার্চ ২০১২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক 'বরিশাল মেরিন একাডেমী'র ভিত্তিফলক এবং ১৬ নভেম্বর ২০১২ তারিখে মাননীয় নৌ-পরিবহণ মন্ত্রীর উপস্থিতিতে মাননীয় পরিকল্পনা মন্ত্রী এয়ার ভাইস মার্শাল (অব:) এ কে খন্দকার 'পাবনা মেরিন একাডেমী'-র ভিত্তিফলক উন্মোচন করেছেন। উভয় অনুষ্ঠানের আয়োজক ছিল বাংলাদেশ মেরিন একাডেমী, চট্টগ্রাম।<br><br>সম্প্রতি ৩১ জুলাই ২০১২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী 'রংপুর মেরিন একাডেমী'-র ভিত্তিফলক স্থাপন করেছেন। | চলমান |
| ৬ | **IMO Model Course** | এবছরে প্রকাশিতব্য সকল IMO Model Course (New Revised Editions) সংগ্রহ। | সমাপ্ত |
| ৭ | **ই-লার্নিং** | ক্যাডেট প্রশিক্ষণে ই-লার্নিং বিষয়ক কার্যক্রম বিস্তৃত করা। | প্রায় সমাপ্ত |
| ৮ | **IMEC-এর মাধ্যমে আন্তর্জাতিক জাহাজে ক্যাডেট নিয়োগ** | প্রায় ৫,৫০০ সমুদ্রগামী জাহাজ সমৃদ্ধ, বিশ্বের শীর্ষস্থানীয় জাহাজ চলাচল সংস্থা লন্ডন-ভিত্তিক 'ইন্টারন্যাশনাল মেরিটাইম এমপ্লয়ার্স কমিটি (IMEC)'-র মাধ্যমে আন্তর্জাতিক জাহাজ-বহরে ক্যাডেট নিয়োগ সহজতর করা। | চলমান |
| ৯ | **সিঙ্গাপুরে জাহাজে ক্যাডেট নিয়োগ** | সিঙ্গাপুরে সম্ভাব্য নিয়োগদাতা কোম্পানীসমূহের মাধ্যমে আন্তর্জাতিক জাহাজ-বহরে ক্যাডেট নিয়োগ সহজতর করা (সহযোগিতায়: সিঙ্গাপুর শিপিং অ্যাসোসিয়েশন)। | চলমান |
| ১০ | **অস্ট্রেলিয়ান মেরিটাইম কলেজের সঙ্গে যৌথ প্রকল্প** | বাংলাদেশ মেরিন একাডেমী ও অস্ট্রেলিয়ান মেরিটাইম কলেজের (ইউনিভার্সিটি অব তাসমানিয়া) যৌথ উদ্যোগে এবং AusAID-এর অর্থায়নে চলমান 'বাংলাদেশের মেরিটাইম এডুকেশন উন্নয়ন [অক্টোবর ২০১১ - ডিসেম্বর ২০১৩] শীর্ষক প্রকল্পের কার্যক্রম। | চলমান |
| ১১ | **'মেরিটাইম লেবার কনভেনশন ২০০৬' অনুস্বাক্ষরে পরামর্শকের দায়িত্ব পালন** | ক. আইএলও ঢাকা অফিসের সঙ্গে সমন্বয় করে বাংলাদেশ সরকার কর্তৃক 'MLC Convention 2006' রেটিফাই করার লক্ষ্যে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের পক্ষে, প্রয়োজনীয় তথ্য-প্রতিবেদন প্রণয়নের কাজ সমাপ্ত করেছে।<br>খ. বর্তমানে রেটিফিকেশন সংশ্লিষ্ট কার্যক্রমে কারিগরি সহায়তা প্রদানের কাজ চলমান রয়েছে। | সমাপ্ত |

| | | | |
|---|---|---|---|
| ১২ | **প্রকল্প:**<br>**SIMULATOR & TRAINING SHIP সংগ্রহ** | "Establishment of a SIMULATOR CENTRE and procurement of a TRAINING SHIP for Bangladesh Marine Academy, Chittagong" শীর্ষক প্রকল্পের আওতায় ফুল মিশন ডেক/ইঞ্জিন সিমুলেটর এবং একটি ট্রেনিং শিপ সংগ্রহের কার্যক্রম। | চলমান |
| ১৩ | **প্রকল্প:**<br>**পুরাতন অবকাঠামোর পুনর্গঠন/মেরামত** | "Capacity Building of Bangladesh Marine Academy through Infrastructure Reformation" শীর্ষক প্রকল্পের আওতায় ১৯৬২ সালে (প্রতিষ্ঠাকালে) নির্মিত সকল অবকাঠামোর পুনর্গঠন/মেরামত করার কার্যক্রম। | চলমান |
| ১৪ | **প্রকল্প:**<br>**নতুন ক্যাডেট ব্লক, প্রশাসনিক ভবন ও প্যারেড গ্রাউন্ড** | "Enhancing capacity of Marine Academy" শীর্ষক প্রকল্পের (২০১০-২০১৪) আওতায় নতুন ক্যাডেট ব্লক, প্রশাসনিক ভবন, প্যারেড গ্রাউন্ডের কাজ সমাপ্ত-করণ। | প্রায় সমাপ্ত |
| ১৫ | **প্রকল্পে সহায়তা:**<br>**Ship Personnel Training Centre** | ২০১১ সালে সমুদ্রগামী ও অভ্যন্তরীণ জাহাজের দক্ষ জনশক্তি গড়ে তোলার জন্য মাদারীপুরে 'শিপ পার্সোনেল ট্রেনিং সেন্টার (Ship Personnel Training Centre)' স্থাপনের জন্য একটি প্রকল্প গৃহীত হয়েছে (সম্প্রতি প্রকল্পটি বিআইডব্লিউটিসি-তে ন্যস্ত হয়েছে)। | চলমান |
| ১৬ | **প্রকল্প:**<br>**ফিমেল ক্যাডেটদের আবাসন ও মেরিনার্স ডরমিটরী নির্মাণ** | "Female Cadet Block, Mariners' Dormitory and expansion works" শীর্ষক প্রকল্প। ২২ আগস্ট ২০১৩ তারিখে কর্মসূচী হিসাবে অনুমোদিত। | চলমান |
| ১৭ | **যানবাহন সংগ্রহ** | জুন '১৩-এর মধ্যে রাজস্ব বাজেটে ১টি অ্যাম্বুলেন্স, ১টি ফায়ার ট্রাক ও ১টি মাইক্রোবাস সংগৃহীত হবে। | প্রায় সমাপ্ত |
| ১৮ | **গোল্ডেন জুবিলী উদযাপন** | আইএমও মহাসচিবের উপস্থিতিতে ২৫ জুন ২০১৩ তারিখে একাডেমী ক্যাম্পাসে একাডেমীর গোল্ডেন জুবিলী (৫০ বৎসর) অনুষ্ঠিত হয়েছে; ৫ সেপ্টেম্বর ২০১৩ তারিখে মাননীয় অর্থমন্ত্রী ও মাননীয় নৌ-পরিবহণ মন্ত্রী মহোদয়ের সানুগ্রহ উপস্থিতিতে **গোল্ডেন জুবিলী বর্ষ ২০১৩-এর চূড়ান্ত উৎসব পালিত হবে।** | চলমান |
| ১৯ | **বার্ষিক ক্যাডেট সংখ্যা বৃদ্ধি** | বর্তমানের বার্ষিক ক্যাডেট ভর্তির সংখ্যা ধাপে ধাপে ৫০০-তে উন্নীত করার কাজ চলমান; বর্তমানে ৩০০। | চলমান |
| ২০ | **আন্তর্জাতিক বই/পত্রপত্রিকা** | বিভিন্ন আন্তর্জাতিক বুক-শপ থেকে মেরিন পেশাদার বই, ই-বুক ও প্রশিক্ষণ-সামগ্রী সংগ্রহ করার উদ্যোগ চলামান রয়েছে (গভার্নিং বডির সিদ্ধান্ত)। | চলমান |
| ২১ | **অপেশাদার কর্মকর্তা/কর্মচারীদের জন্য বিশেষ ভাতা** | পেশাদার কর্মকর্তাদের ন্যায়, অপেশাদার কর্মকর্তা/কর্মচারীদের জন্য বিশেষ ভাতার প্রবর্তনের উদ্যোগ গৃহীত হয়েছে। (গভার্নিং বডির সিদ্ধান্ত)। | চলমান |
| ২২ | **একাডেমীতে পেশাদার মেরিন (সিওসি) পরীক্ষার কেন্দ্র** | ২০১২/১৩ সাল থেকে, সমুদ্র পরিবহণ অধিদপ্তরের পক্ষে, একাডেমীতে পেশাদার মেরিন (সিওসি) পরীক্ষা গ্রহণের উদ্যোগ গৃহীত হয়েছে (গভার্নিং বডির সিদ্ধান্ত)। | চলমান |
| ২৩ | **মেরিটাইম ইউনিভার্সিটিতে নারীদের অধ্যয়নের সুযোগ** | পরিকল্পিত মেরিটাইম ইউনিভার্সিটিতে নারীদের অধ্যয়নের সুযোগ থাকবে। | চলমান |
| ২৪ | **একাডেমীর বেষ্টনী পথ** | একাডেমীর চারপাশের সীমানা প্রাচীর বরাবর ৬-কিলোমিটার দীর্ঘ হাঁটার পথ নির্মান করা হবে (গভার্নিং বডির সিদ্ধান্ত)। | চলমান |

# “২০০৯ - ২০১৩ (পাঁচ বছর)” সময়কালে একাডেমীর উন্নয়ন-তথ্যাদি

## ১. বরেণ্য ব্যক্তিবর্গের একাডেমী পরিদর্শন

| | |
|---|---|
| ২০১১ | • ২০১১ সালের ২৬ ফেব্রুয়ারীতে অনুষ্ঠিত, ৪৫ ব্যাচ ক্যাডেটদের গ্র্যাজুয়েশন প্যারেড ও শেখ মুজিব মেরিটাইম ইউনিভার্সিটির ভিত্তিফলক উন্মোচন উপলক্ষ্যে, একাডেমীর প্রায় ৫০ বছরের ইতিহাসে প্রথমবারের মতো দেশের প্রধানমন্ত্রী (**মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা**) আগমণ করেছেন।<br>• ২০১১ সালের ১৩ জানুয়ারীতে ইন্টারন্যাশনাল মেরিটাইম অর্গানাইজেশনের সেক্রেটারি জেনারেল মি. এফথিমিওস মিত্রপুলোস একাডেমী পরিদর্শন করেন। এর পূর্বে ৩রা জানুয়ারী ১৯৮০ তারিখে তৎকালীন আইএমও সেক্রেটারি জেনারেল মি. পি কে শ্রীবাস্তভা এই একাডেমী পরিদর্শন করেছিলেন। |
| ২০১৩ | • ২০১৩ সালের ২৫ জুনে ইন্টারন্যাশনাল মেরিটাইম অর্গানাইজেশনের সেক্রেটারি জেনারেল মি. কোজি সেকিমিজু একাডেমীর সুবর্ণ জয়ন্তী উৎসবে একাডেমী পরিদর্শন করেন। |

## ২. স্বীকৃতি/স্মরণ/উদযাপন

| | |
|---|---|
| ২০১০ | • ২০১০ সালে প্রথমবারের মতো একাডেমী ক্যাম্পাসে **জাতীয় শোক দিবস** (১৫ আগস্ট ১৯৭৫) পালিত হয়েছে এবং এই ধারায় ২০১১, ২০১২ ও ২০১৩ সালেও দিবসটি যথাযোগ্য মর্যাদায় অনুষ্ঠিত হয়েছে।<br>• ২০১০ সালের গ্র্যাজুয়েশন প্যারেডে (ফেব্রুয়ারী ২০১১-তে অনুষ্ঠিত), একাত্তরে মেরিনার শহীদ, মুক্তিযোদ্ধা এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস প্রতিষ্ঠার একজন সদস্যকে গ্র্যাজুয়েশন ব্রশিয়রে বিশেষভাবে স্মরণ করা হয়েছে।<br>• মহান মুক্তিযুদ্ধে, ১৯৭০ সাল পর্যন্ত প্রশিক্ষিত প্রায় ১০০ জন ক্যাডেটদের মধ্যে একমাত্র শহীদ জনাব লিয়াকত আলী (৮ম ব্যাচ)-র নামে বিদ্যমান ক্যাডেট ব্লকের নামকরণ করা হয়েছে “শহীদ লিয়াকত আলী ক্যাডেট ব্লক”।<br>• মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারি ১৩ জন প্রাক্তন ক্যাডেটকে স্বীকৃতি প্রদান করা হয়েছে।<br>• স্বাধীন বাংলাদেশে প্রথম বাঙালি চিফ এডুকেশন অফিসার জনাব এ কে এম নুরুল আমীনের (১৯৬৪-১৯৯৪) নামে শহীদ লিয়াকত আলী ক্যাডেট ব্লকের সামনের চত্বরের নামকরণ করা হয়েছে “এ কে এম নুরুল আমীন স্কোয়ার”। |
| ২০১১ | • ২০১১ সালে, ১৯৬২-২০১০ সময়কালে সমুদ্রে হারিয়ে যাওয়া বা মৃত্যুবরণ করা মেরিনারদের সম্মানে ও স্মরণে, ‘সীফেয়ারার্স মেমোরিয়াল’ নামে একটি ভাস্কর্য নির্মাণ করা হয়েছে; যা ইন্টারন্যাশনাল মেরিটাইম অর্গানাইজেশনের সেক্রেটারি জেনারেল মি. এফথিমিওস মিত্রপুলোস উদ্বোধন করেন। |
| ২০১২ | • ১২-১৫ জুলাই ২০১২ তারিখে মেসার্স লিমরা ট্রেড-ফেয়ারের সঙ্গে যৌথভাবে চট্টগ্রামের কে-স্কয়ারে ‘MPS (Marine Ports Shipping) Expo 2012’ শীর্ষক একটি আন্তর্জাতিক প্রদর্শনী/সম্মেলনের আয়োজন করা হয়েছে।<br>• ২০১০, ২০১১ ও ২০১২ সালে চট্টগ্রাম মেডিক্যাল কলেজের স্বেচ্ছাসেবী সংগঠন ‘সন্ধানী’-র সঙ্গে যৌথ উদ্যোগে রক্তদান ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে এবং প্রতিবারেই ‘শীর্ষ রক্তদাতা প্রতিষ্ঠান’ হিসাবে স্বীকৃতি অর্জিত হয়েছে (২০১০ সালে ২০৭ ব্যাগ, ২০১১ সালে ২৪৪ ব্যাগ এবং ২০১২ সালে ২৫০ ব্যাগ)। |
| ২০১৩ | • প্রায় ২০ বছর পূর্বে ভেঙে পড়া শহীদ মিনারের স্থানে নতুন করে দৃষ্টি-নান্দনিক নকশায় একটি শহীদ মিনার নির্মিত হয়েছে। |

৩. প্রশিক্ষণ উন্নয়ন

| | |
|---|---|
| ২০১০ | • পেশাদার প্রশিক্ষকদের (মাস্টার মেরিনার ও মেরিন ইঞ্জিনিয়ার) সংখ্যা ৫ জন থেকে ১০ জনে উন্নীত হয়েছে।<br>• স্পোকেন ইংলিশ ক্লাসের প্রবর্তন করা হয়েছে।<br>• আন্তর্জাতিক জাহাজ চলাচল বিষয়ক ক্লাসের প্রবর্তন করা হয়েছে।<br>• প্যারালেল অপারেশন সুবিধাসহ দুটি প্রশিক্ষণ ইলেকট্রিক জেনারেটর ক্রয় করা হয়েছে। |
| ২০১১ | • পেশাদার প্রশিক্ষকদের (মাস্টার মেরিনার ও মেরিন ইঞ্জিনিয়ার) সংখ্যা ১০ জন থেকে ১৬ জনে উন্নীত হয়েছে।<br>• একটি ব্যাচে সর্বোচ্চ সংখ্যক ক্যাডেট (১৯৬ জন) প্রশিক্ষণ সমাপ্ত করেছে।<br>• ক্যাডেট নির্বাচনী পরীক্ষায় ইংরেজী, গণিত ও পদার্থ-বিদ্যার সঙ্গে 'সাধারণ জ্ঞান' বিষয়ের প্রবর্তন করা হয়েছে।<br>• সমুদ্রগামী সনদপত্র (সার্টিফিকেট অব কম্পিটেন্সি) ক্লাস থ্রি ডেক/ইঞ্জিন প্রিপারেটরী কোর্স চালু করা হয়েছে (**ওয়াচকিপিং** ডেক/ইঞ্জিন হওয়ার যোগ্যতার প্রশিক্ষণ)।<br>• ল্যাঙ্গুয়েজ ল্যাব নির্মিত হয়েছে এবং প্রশিক্ষণ যন্ত্রপাতি সংগৃহীত হয়েছে।<br>• ইলেকট্রনিক ল্যাব নির্মিত হয়েছে এবং প্রশিক্ষণ যন্ত্রপাতি সংগৃহীত হয়েছে।<br>• কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং ল্যাব স্থাপন করা হয়েছে।<br>• একাডেমীর প্রশিক্ষণ কর্মকাণ্ডের ওপরে একটি ভিডিও-চিত্র নির্মিত হয়েছে।<br>• প্রশিক্ষণ বয়লার স্থাপন করা হয়েছে।<br>• ২য় ডিপ ওয়াটারপাম্প স্থাপন করা হয়েছে। |
| ২০১২ | • পেশাদার প্রশিক্ষকদের (মাস্টার মেরিনার ও মেরিন ইঞ্জিনিয়ার) সংখ্যা ১৬ জন থেকে ২৩ জনে উন্নীত হয়েছে।<br>• সমুদ্রগামী সনদপত্র (সার্টিফিকেট অব কম্পিটেন্সি) ক্লাস ওয়ান/টু ডেক/ইঞ্জিন প্রিপারেটরী কোর্স চালু করা হয়েছে (**ক্যাপ্টেন/চিফ ইঞ্জিনিয়ার** হওয়ার যোগ্যতার প্রশিক্ষণ)।<br>• আইএমও-র চাহিদা অনুযায়ী 'লীডারশিপ ও টিমওয়ার্ক' বিষয়ক ক্লাসের প্রবর্তন করা হয়েছে।<br>• ১৩ সেপ্টেম্বর ২০১২ তারিখে **Shell Marine Singapore**-এর সঙ্গে নিয়মিতভাবে প্রতি বছরে কয়েকবার কারিগরি প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে MOU স্বাক্ষরিত হয়েছে। |
| ২০১৩ | • অস্ট্রেলিয়ান মেরিটাইম কলেজের সহায়তায় ১৪-২২ জুলাই ২০১৩ তারিখে একাডেমীর প্রশিক্ষদের জন্য 'ট্রেনিং অব দ্য ট্রেইনার্স' আয়োজিত হয়েছে।<br>• ১৪ আগস্ট ২০১৩ তারিখে ইন্টারন্যাশনাল মেরিটাইম রেসক্যু ফেডারেশন (লন্ডন)-এর সহায়তায় মেরিটাইম রেসক্যু বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে; সকল ক্যাডেট ও প্রশিক্ষক/কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। |

৪. নতুন বৃত্তি প্রবর্তন

| | |
|---|---|
| ২০১১ | • মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী 'বঙ্গবন্ধু মেমোরিয়াল ফাউন্ডেশনের' পক্ষ থেকে ৫ জন দরিদ্র ক্যাডেটের জন্য বৃত্তির ব্যবস্থা গৃহীত হয়েছে। |
| ২০১২ | • মাননীয় স্থানীয় সংসদ সদস্য জনাব আখতারুজ্জামান চৌধুরী-র প্রতিষ্ঠান ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেডের পক্ষ থেকে ২ বছরের জন্য ১০ জন ক্যাডেটকে মাসিক ৫,০০০/- টাকা টিউশন ফি প্রদানের ব্যবস্থা গৃহীত হয়েছে। |

৫. আইসিটি উন্নয়ন (ডিজিটাল বাংলাদেশ)

| | |
|---|---|
| ২০১০ | • একাডেমী আইসিটি সেল গঠন করা হয়েছে।<br>• ক্যাডেটদের নির্বাচনী প্রক্রিয়ায় মোবাইল ফোনে এসএমএসের মাধ্যমে নিবন্ধন প্রক্রিয়া প্রবর্তন করা হয়েছে।<br>• নতুন ওয়েবসাইট (*www.macademy.gov.bd*) চালু করা হয়েছে।<br>• সকল ক্লাসরুমে রুফ-মাউন্টেড মালটিমিডিয়া প্রজেক্টর স্থাপন করা হয়েছে।<br>• স্মার্ট বোর্ড এবং ৫০টি কম্পিউটার-সমৃদ্ধ কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে।<br>• ৫০টি কম্পিউটার-সমৃদ্ধ ইংলিশ ল্যাঙ্গুয়েজ ল্যাব স্থাপন করা হয়েছে। |
| ২০১১ | • ক্যাম্পাসে ওয়াই-ফাই নেটওয়ার্ক স্থাপন করা হয়েছে।<br>• ই-লার্নিং প্রবর্তিত হয়েছে। |
| ২০১২ | • ওয়াই-ফাই নেটওয়ার্ক বিস্তৃত করা হয়েছে।<br>• ওয়েবসাইট আরো সমৃদ্ধ করা হয়েছে।<br>• ক্যাডেট ভর্তি প্রক্রিয়ায় সোনালী ব্যাংকের মাধ্যমে online নিবন্ধন পদ্ধতি প্রবর্তন করা হয়েছে।<br>• MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণ এবং OMR পদ্ধতিতে উত্তরপত্র যাচাই কার্যক্রম প্রবর্তন করা হয়েছে। |
| ২০১৩ | • নৌ-পরিবহণ মন্ত্রণালয়ের উদ্যোগে একাডেমীর কনফারেন্স রুমে ‘ভিডিও কনফারেন্সিং’ সুবিধা স্থাপিত হয়েছে। |

৬. রাজস্ব আয় বৃদ্ধি

| | |
|---|---|
| ২০১০ | • ২০০১ সালের প্রায় ১০ বছর পরে সকল কোর্স ফি বৃদ্ধি করে রাজস্ব আয় বৃদ্ধি করার ব্যবস্থা করা হয়েছে; একইসঙ্গে, প্রতিব্যাচের অপেক্ষাকৃত দরিদ্র ক্যাডেটদের জন্য ২৫% ক্যাডেটদের মধ্যে ১২.৫%-এর জন্য ২৫% এবং বাকী ১২.৫-এর জন্য ৫০% ফি মওকুফ করা হয়েছে। |
| ২০১১ | • ব্যাচপ্রতি ক্যাডেট সংখ্যা ৩০০-তে উন্নীত করার মাধ্যমে বার্ষিক আয় বৃদ্ধি পেয়েছে এবং পরবর্তীকালে এদের মাধ্যমে বর্ধিত হারে বৈদেশিক মুদ্রাও আয় হবে।<br>• প্রিপারেটরি কোর্স (সিওসি ক্লাস থ্রি ডেক/ইঞ্জিন) প্রবর্তনের মাধ্যমে রাজস্ব আয় বৃদ্ধি পেয়েছে। |
| ২০১২ | • প্রিপারেটরি কোর্স (সিওসি ক্লাস ওয়ান/টু ডেক/ইঞ্জিন) প্রবর্তনের মাধ্যমে রাজস্ব আয় বৃদ্ধি পেয়েছে। |

৭. আন্তর্জাতিক জাহাজ-বহরে ক্যাডেট নিয়োগ সহজতর করার উদ্যোগ

| | |
|---|---|
| ২০১০ | • বিশেষত বিদেশে প্রদর্শনের জন্য তথ্য-চলচ্চিত্র ও বিতরণের জন্য নতুন ব্রশিওর প্রকাশ করা হয়েছে।<br>• দেশে ও বিদেশে ক্যাডেটদের চাকুরীলাভের জন্য যোগাযোগসহ নানাবিধ উদ্যোগ গৃহীত হয়েছে।<br>• ডিসেম্বর ২০০৯ সালে ৪৪ ব্যাচের প্রশিক্ষণ সমাপ্তকারি ২০০ জন ক্যাডেটের সবাই দেশী-বিদেশী সমুদ্রগামী জাহাজে নিয়োগলাভ করেছে। (প্রায় ১৫০ জন বিদেশী জাহাজে) |
| ২০১১ | • সিঙ্গাপুর শিপিং অ্যাসোসিয়েশন (সিঙ্গাপুরের জাহাজী সংস্থাসমূহের শীর্ষ-সংগঠন) এবং কয়েকটি শীর্ষস্থানীয় শিপ ম্যানেজমেন্ট কোম্পানীর সঙ্গে সাক্ষাতের মাধ্যমে তাদের জাহাজ বহরে ক্যাডেটদের নিয়োগের আশ্বাস |

| | |
|---|---|
| | পাওয়া গেছে।<br><br>• সিঙ্গাপুর ইমিগ্রেশন বিভাগ কর্তৃক বাংলাদেশী সিফেয়াররদের জন্য সংশ্লিষ্ট আইন শিথিল করেছে; ফলে সেখানে চাকুরী পাওয়া সহজতর হয়েছে।<br><br>• EMSA (Europe) কর্তৃক একাডেমীর প্রশিক্ষণের ক্ষেত্রে প্রদত্ত সকল শর্তাদি পূরণ করার জন্য EU Countries-এ চাকুরী পাওয়া সহজতর হয়েছে।<br><br>• ফেব্রুয়ারি ২০১১ সালে ৪৫ ব্যাচের প্রশিক্ষণ সমাপ্তকারি ১৯৬ জন ক্যাডেটের সবাই দেশী-বিদেশী সমুদ্রগামী জাহাজে নিয়োগলাভ করেছে। (প্রায় ১৬০ জন বিদেশী জাহাজে) |
| ২০১২ | • প্রায় ৫,৫০০ সমুদ্রগামী জাহাজ সমৃদ্ধ, বিশ্বের শীর্ষস্থানীয় জাহাজ চলাচল সংস্থা লন্ডন-ভিত্তিক 'ইন্টারন্যাশনাল মেরিটাইম এমপ্লয়ার্স কমিটি (IMEC)' কর্তৃক এই একাডেমীর ক্যাডেটদেরকে ইউরোপ-সহ বিশ্বের বিভিন্ন দেশের জাহাজে নিয়োগের বিষয়টি সক্রিয় বিবেচনায় রয়েছে।<br><br>• সিঙ্গাপুরে সম্ভাব্য নিয়োগদাতা কোম্পানীসমূহের সঙ্গে আলোচনা করে ক্যাডেটদের চাকুরীর বাজার সম্প্রসারণ করার জন্য ৩/৪ মাস অন্তর অন্তর একাডেমীর প্রতিনিধি দল প্রেরণের ব্যবস্থা গৃহীত হয়েছে।<br><br>• ডিসেম্বর ২০১১ সালে ৪৬ ব্যাচের প্রশিক্ষণ সমাপ্তকারি ২০০ জন ক্যাডেটের সবাই দেশী-বিদেশী সমুদ্রগামী জাহাজে নিয়োগলাভ করেছে। (প্রায় ১৮০ জন বিদেশী জাহাজে) |
| ২০১৩ | • ডিসেম্বর ২০১২ সালে ৪৭ ব্যাচের প্রশিক্ষণ সমাপ্তকারি ২০০ জন ক্যাডেট বর্তমানে দেশী-বিদেশী সমুদ্রগামী জাহাজে নিয়োগলাভ করছে; আর মাত্র ১৫/২০ জন ক্যাডেট অপেক্ষমান রয়েছে।<br><br>• ২৫ জুন ২০১৩ তারিখে আইএমও মহাসচিব মি. কোজি সেকিমিজু-র উপস্থিতিতে অনুষ্ঠিত 'ম্যানিং অ্যান্ড ট্রেনিং কনফারেন্স'-র মাধ্যমে একাডেমী ক্যাডেটদের পেশাগত দক্ষতা উপস্থাপন করা হয়।<br><br>• এএসপি শিপ ম্যানেজমেন্ট কোম্পানীর উদ্যোগে ক্যাডেট নিয়োগ কার্যক্রম সূচীত হয়েছে। |

**৮. একাডেমীর আন্তর্জাতিক মর্যাদা/গবেষণাকর্ম**

| | |
|---|---|
| ২০১০ | • অস্ট্রেলিয়ান মেরিটাইম কলেজের (বিশ্ববিদ্যালয়) সঙ্গে গবেষণা সম্পর্ক স্থাপন করা হয়েছে। যৌথ উদ্যোগে 'বাংলাদেশের মেরিটাইম এডুকেশন উন্নয়ন [অক্টোবর ২০১১ - মার্চ ২০১৩]' শীর্ষক প্রকল্প শুরু হয়েছে।<br><br>• গ্লোবালমেট, ইন্টারম্যানেজার এবং মেরিন বিজ টিভি-র সদস্যপদ অর্জিত হয়েছে।<br><br>• ম্যানিলায় অনুষ্ঠিত STCW Diplomatic Conference 2010-এ একাডেমী বাংলাদেশ দলের নেতৃত্ব প্রদান করেছে।<br><br>• IMO, ISF/ICS, IMarEST, NI, ITF, ILO, GL, LRS, NKK ইত্যাদি পেশাদার সংস্থাসমূহের সৌজন্যে বিনামূল্যে গবেষণাধর্মী পত্রপত্রিকা সংগ্রহ করা হচ্ছে। |
| ২০১২ | • একাডেমী কর্তৃক আইএলও ঢাকা অফিসের সহায়তায় বাংলাদেশ সরকার কর্তৃক 'Maritime Labour Convention 2006' রেটিফাই করার লক্ষ্যে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের পক্ষে, প্রয়োজনীয় তথ্য-প্রতিবেদন প্রণয়নের কাজ সম্প্রতি সমাপ্ত করা হয়েছে। |

**৯. নতুন প্রকল্প/নির্মাণ/মেরামত**

| | |
|---|---|
| ২০০৯ | • 'এনহ্যান্সিং ক্যাপাসিটি অব মেরিন একাডেমী' শীর্ষক প্রকল্প চালু হয়েছে।<br><br>• 'মডার্নাইজেশন অব ট্রেনিং প্রোগ্রামস' শীর্ষক কর্মসূচী সফলভাবে সমাপ্ত হয়েছে। |
| ২০১০ | • প্যারেড গ্রাউন্ড বর্ধিত করা হয়েছে। |

| | |
|---|---|
| | • ভিভিআইপি গেস্ট হাউসকে সম্পূর্ণরূপে নতুন রূপে নির্মাণ করা হয়েছে।<br>• অফিসার্স ক্লাবটিকে একটি নতুন ভিআইপি রুমসহ নতুন রূপে নির্মাণ করা হয়েছে।<br>• মসজিদের পশ্চিম অংশে কয়েকটি জানালা স্থাপন করা হয়েছে।<br>• পতেঙ্গা জেটির বিশ্রামাগারটিকে সম্পূর্ণ নতুন রূপে নির্মাণ করা হয়েছে।<br>• নতুন লন্ড্রি শেড নির্মাণ করা হয়েছে।<br>• ইনস্ট্রাকশন ব্লকে মেল/ফিমেল টয়লেট নির্মাণ করা হয়েছে। |
| ২০১২ | • লেকে যাওয়ার সড়ক নির্মাণ করা হয়েছে।<br>• ডিসপেন্সারি হিসাবে ব্যবহৃত দালানটির আমূল সংস্কার করে ৪০ জনের আবাসন-উপযোগি Female Cadet Block-এ রূপান্তর করা হয়েছে। রাডার ব্লকের পাশের ৩টি কক্ষে সাময়িকভাবে ডিসপেন্সারি চালু করা হয়েছে।<br>• সকল ক্লাসরুমের প্রভূত সংস্কার/উন্নয়ন (রঙ, টাইলস ও সাউন্ড সিস্টেম) করা হয়েছে।<br>• IMO Room-এর প্রভূত সংস্কার/উন্নয়ন (রঙ, টাইলস, ফলস সিলিং ও সাউন্ড সিস্টেম) করে IMO Conference Room-এ উন্নীত করা হয়েছে।<br>• প্রশাসনিক ভবনের প্রভূত সংস্কার/উন্নয়ন (রঙ ও টাইলস) করা হয়েছে। |

**১০. যানবাহন সংগ্রহ**

| | |
|---|---|
| ২০১০ | • অফিসারদের জন্য একটি মাইক্রোবাস ক্রয় করা হয়েছে। |
| ২০১১ | • ক্যাডেটদের জন্য দুটি বাস ক্রয় করা হয়েছে।<br>• নতুন একটি স্পীড বোট সংগ্রহ করা হয়েছে (প্রাইম ব্যাংকের সৌজন্যে)।<br>• একাডেমীর পুরনো/পরিত্যক্ত কার/মাইক্রোবাস/বোটের স্থলে নতুন যানবাহন ক্রয়ের উদ্যোগ গৃহীত হয়েছে। |
| ২০১৩ | • ১টি মাইক্রোবাস ও ১টি অ্যাম্বুলেন্স সংগৃহীত হয়েছে। ১টি ফায়ার ট্রাক সংগ্রহের কাজ চলমান।<br>• ২টি ট্রেনিং বোট (প্রতিটি ৭৫ জন যাত্রীবহন ক্ষমতা) সংগ্রহের কাজ চলমান। |

**১১. ক্যাম্পাসে সহাবস্থানকারি প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন**

| | |
|---|---|
| ২০১০ | • মেরিন একাডেমী কলেজ এবং কেজি স্কুলের শিক্ষকদের বেতন কাঠামো বৃদ্ধি করা হয়েছে। |
| ২০১১ | • একাডেমী উচ্চ-বিদ্যালয় দালানের তৃতীয় তলা নির্মাণ করা হয়েছে।<br>• মেরিন একাডেমী কলেজ এবং মেরিন একাডেমী স্কুলকে একীভূত করে 'মেরিন একাডেমী স্কুল অ্যান্ড কলেজ' করা হয়েছে। |

### ১২. নির্মাণ/উন্নয়ন

| | |
|---|---|
| ২০১০ | • একটি নতুন ক্যাডেট ব্লক, ডাইনিং হল, অ্যাডমিন ব্লকের নির্মানকাজ শুরু হয়েছে; জুন ২০১৪-তে সমাপ্ত হবে।<br>• প্যারেড গ্রাউন্ডে ছাদসহ নতুন গ্যালারী নির্মানের কাজ শুরু হয়েছে; জুন ২০১৪-তে সমাপ্ত হবে।<br>• মেরিটাইম মিউজিয়াম (সৌজন্য: যুক্তরাষ্ট্রে প্রবাসী প্রাক্তন ক্যাডেটদের প্রতিষ্ঠিত 'জুলদিয়া মেরিন একাডেমী অ্যালুমনি অ্যাসোসিয়েশন') প্রতিষ্ঠিত হয়েছে। |
| ২০১১ | • ওয়াটার ট্যাংক হিলের ওপরে নতুন অ্যাডমিন অফিস বিল্ডিংয়ের কাজ শুরু হয়েছে জুন ২০১৪-তে সমাপ্ত হবে। |
| ২০১২ | • প্যারেড গ্রাউন্ডের নতুন গ্যালারী নির্মানের কাজ সমাপ্ত হয়েছে। |
| ২০১৩ | • প্যারেড গ্রাউন্ডে নবনির্মিত গ্যালারীর ওপরে ছাদ নির্মানকাজ চলমান; জুন ২০১৪-তে সমাপ্ত হবে।<br>• নতুন ক্যাডেট ব্লক ও ডাইনিং হলের নির্মাণকাজ চলমান; জুন ২০১৪-তে সমাপ্ত হবে।<br>• অ্যাডমিন ব্লকের নির্মাণকাজ চলমান; জুন ২০১৪-তে সমাপ্ত হবে। |

### ১৩. প্রকল্প: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি (২০১১-২০১৩)

| | |
|---|---|
| ২০১১ | • ইউনিভার্সিটির জন্য খসড়া আইন এবং ডিপিপি প্রণয়ন করা হয়েছে।<br>• ইউনিভার্সিটির জন্য, ইন্টারন্যাশনাল মেরিটাইম অর্গানাইজেশন এবং গ্লোবাল মেরিটাইম এডুকেশন অ্যান্ড ট্রেনিং অ্যাসোসিয়েশনের কাছ থেকে প্রয়োজনীয় কারিগরী সহায়তা প্রাপ্তির আশ্বাস পাওয়া গেছে।<br>• ইউনিভার্সিটির জন্য, ওয়ার্ল্ড মেরিটাইম ইউনিভার্সিটি (সুইডেন), ডালিয়ান মেরিটাইম ইউনিভার্সিটি (চীন) এবং ভিয়েতনাম মেরিটাইম ইউনিভার্সিটি পরিদর্শনের মাধ্যমে তাদের কাছ থেকে প্রয়োজনীয় কারিগরী সহায়তা প্রাপ্তির আশ্বাস পাওয়া গেছে। |
| ২০১২ | • ২০১৩ সাল থেকে ব্যাচেলর অব মেরিটাইম সাইন্স ডিগ্রী প্রদানের মাধ্যমে কার্যক্রম সূচীত হবে।<br>• ২০১২ সালে (জানুয়ারী) ক্যাবিনেট মিটিংয়ের সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পটি শিক্ষা মন্ত্রণালয়ে ন্যস্ত হয়েছে। |
| ২০১৩ | • ২০১৩ সালে (ফেব্রুয়ারী) ক্যাবিনেট মিটিংয়ে আইনটি নীতিগতভাবে অনুমোদিত হয়েছে; সংসদের পরবর্তী অধিবেশনে উত্থাপিত হবে। |

### ১৪. আসন্ন অনুষ্ঠান

| | |
|---|---|
| ২০১২ | • ৫ সেপ্টেম্বর ২০১৩ তারিখে একাডেমীতে গোল্ডেন জুবিলীর (৫০ বৎসর) চূড়ান্ত অনুষ্ঠান আয়োজিত হবে।<br>• ডিসেম্বর ২০১৩-র তৃতীয় সপ্তাহে ৪৮ ব্যাচ ক্যাডেটদের প্রশিক্ষণ পর্ব-১ সমাপনী গ্র্যাজুয়েশন প্যারেড অনুষ্ঠিত হবে। |

ড. সাজিদ হোসেন
*চার্টার্ড মেরিন ইঞ্জিনিয়ার*
কমান্ড্যান্ট (চলতি দায়িত্ব)